দৈনিক সংবাদ

16

তারিখ ...08 SEP 1989...
পৃষ্ঠা... ১ ... কলাম... ১

# আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

**(নিজস্ব বার্তা পরিবেশক)**

আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। এ উপলক্ষে বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন আজ শুক্রবার বিস্তারিত কর্মসূচী গ্রহণ করেছে।

ইন্টারন্যাশনাল টাস্ক ফোর্স : সকাল সাড়ে ৭টায় ধানমণ্ডি মাঠ থেকে জাতীয় প্রেসক্লাব পর্যন্ত সাক্ষরতা মিছিল, সকাল ১০টায় আহসানিয়া মিশনে 'আন্তর্জাতিক

(৭-এর পাতায় দেখুন)

## সাক্ষরতা দিবস

(১ম পাতার পর)

সাক্ষরতা দিবস' ও বিকেল ৪টায় ওই একই স্থানে 'সাক্ষরতা কার্যক্রমে মহিলাদের ভূমিকা' শীর্ষক সেমিনার।

জাতীয় ইউনেস্কো ক্লাব এসোসিয়েশন : ঢাকাস্থ জাতিসংঘ তথ্য কেন্দ্রের সহযোগিতায় জাতীয় ইউনেস্কো ক্লাব এসোসিয়েশনের উদ্যোগে ধানমণ্ডি নতুন ১১ নং সড়কের ২৫ নং বাড়ীতে 'গণশিক্ষা সম্প্রসারণে তরুণ সমাজের ভূমিকা' শীর্ষক রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণ ও আলোচনা অনুষ্ঠান বিকেল ৪টায়।

ঢাকা সেন্ট্রাল লায়ন্স ক্লাব ও শাজাহানপুরস্থ শ্রমজীবী সমাজকল্যাণ সংসদের যৌথ উদ্যোগে সকাল ১০টায় গরীব ছেলেমেয়েদের মধ্যে শিক্ষাসামগ্রী বিতরণ।

বংশাল লিও ক্লাব ও রমনা লিও ক্লাবের যৌথ উদ্যোগে 'শিক্ষাই মুক্তি' শীর্ষক সেমিনার মাজেদ সর্দার কমিউনিটি সেন্টারে।

লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনালের উদ্যোগে বিকেল সাড়ে ৪টায় ঢাকা শেরাটন হোটেলে সেমিনার।

বাংলাদেশ জাতীয় সমবায় ইউনিয়নের উদ্যোগে 'সমবায়ের মাধ্যমে সাক্ষরতা এবং সাক্ষরতার মাধ্যমে সমবায়' শীর্ষক সেমিনার সকাল ১০টায় সমবায় সদনের ৭ম তলায়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।